| নাগরিক সেবার তথ্য সারণি | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | সেবা প্রদানকারীঅফিসেরনাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্তকর্মকর্তা/ কর্মচারী | সেবাপ্রদানেরপদ্ধতি (সংক্ষেপে) | সেবাপ্রাপ্তিরপ্রয়োজনীয়সময় | প্রয়োজনীয় ফি/ট্যাক্স / আনুষঙ্গিকখরচ | সংশ্লিষ্টআই-কানুন / বিধি-বিধান/নীতিমালা | নির্দিষ্টসেবাপেতে ব্যর্থহলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ | ঝ |
| ০১ | থানা | সাধারণ ডায়েরিগ্রহণ | অফিসার ইন চার্জ(OC)/ ডিউটি অফিসার (DO) | সাধারণ ডায়েরি করার জন্য ওসি বরাবর আবেদন করে থানার ডিউটি অফিসারের নিকট দাখিল করতে হয়। ডিউটি অফিসার আবেদনটি সাধারণ ডায়েরি রেজিস্টারে এন্ট্রি দিয়েআবেদনকারীকে জিডি নং প্রদান করে থাকেন। ডিউটি অফিসার আবেদনটি ওসি'র নিকট উপস্থাপন করেন। ওসি তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করে তদেন্তর ব্যবস্থা করেন। তদন্তের রিপোর্টের প্রেক্ষিতে এখতিয়ারভুক্ত হলে ব্যবস্থা গ্রহণ করেন অন্যথায় উর্ধ্বতন কর্তৃপক্ষ/ আদালতে রেফার করেন। | ১ ঘণ্টা থেকে ৭দিন | বিনামূল্যে | ১। সি আর পি সি ১৮৯৮/ -১৫৪,১৫৫ ধারা<br>২। পিআরবি -১৯৪৩/ ৩৭৭ বিধি<br>৩। পুলিশ আইন -১৮৬১/ ৪৪ ধারা | সার্কেল এএসপি |
| ০২ | পুলিশ অফিস/ থানা | পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট প্রদান | এসপি, ডিএসবি / অফিসারইনচার্জ(O.C) | সোনালী ব্যাংক/ বাংলাদেশ ব্যাংকের অনুকূলে ৫০০/- টাকার ট্রেজারি চালানসহ এসপি (কমিশনার পুলিশ) বরাবর আবেদন দাখিল করতে হয়। দাখিলের পর সংশ্লিষ্ট ওসি / থানায় তদন্ত করার জন্যএসআই-কে নির্দেশ প্রদান করেন। রিপোর্ট প্রাপ্তির পর পুলিশক্লিয়ারেন্সসনদ প্রদানের উপযুক্ত হলে প্রস্তুত করা হয় অন্যথায় বাতিল করা হয়। পরবর্তীতে প্রতিস্বাক্ষরের জন্য পুলিশ সুপার / কমিশনার পুলিশের নিকট প্রেরণ করা হয়। পুলিশ সুপার / পুলিশ কমিশনার প্রতিস্বাক্ষর করে ওসি'র নিকট ওয়ানস্টপ সেন্টারে প্রেরণ করেন। থানা ওয়ানস্টপ সেন্টার থেকে পুলিশ ক্লিয়ারেন্স সনদ আবদেনকারী সংগ্রহ করেন। | ৫-৭ দিন | ৫০০ টাকা | ডিএসবি নির্দেশিকা | সার্কেল এএসপি |
| ০৩ | থানা | বৈধ আগ্নেয়াস্ত্র জমা রাখা | অফিসার ইন চার্জ(OC)/ ডিউটি অফিসার (DO) | বৈধ আগ্নেয়াস্ত্রের মালিক ব্যাক্তিগত ভাবে অথবা সরকারি নির্দেশে অস্ত্রটি থানাতে জমা দিতে আসলে প্রথমে একটি আবেদন করতে হয়। ডিউটি অফিসার অস্ত্রের | ৩০-৬০ মিনিট | বিনামূল্যে | পিআরবি /১৯৪৩ - ৬৫বিধি | সার্কেল এএস পি |

| নাগরিক সেবার তথ্য সারণি | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | সেবা প্রদানকারীঅফিসেরনাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্তকর্মকর্তা/ কর্মচারী | সেবাপ্রদানেরপদ্ধতি (সংক্ষেপে) | সেবাপ্রাপ্তিরপ্রয়োজনীয়সময় | প্রয়োজনীয় ফি/ট্যাক্স / আনুষঙ্গিকখরচ | সংশ্লিষ্টআই-কানুন / বিধি- বিধান/নীতিমালা | নির্দিষ্টসেবাপেতে ব্যর্থহলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
| | | | | কাগজপত্র পর্যবেক্ষণ করে বিস্তারিত তথ্যাদি রেজিস্টারে লিপিবদ্ধ করে জিডি নংদিয়ে আবেদনকারীকে একটি কপি বুঝিয়ে দেন। অত:পর বৈধ অস্ত্রটি থানার মালখানায় নিরাপদ হেফাজতে রাখার ব্যবস্থা করেন। পরবর্তীতে নির্ধারিত সময়ে জিডির কপিটি দাখিল সাপেক্ষে আস্ত্রটি নিজের হেফাজতে নিতে পারেন। | | | | |
| ০৪ | থানা, এসপি অফিস | মিছিল, সভা, সমাবেশ, মাইক ব্যবহারের অনুমতিপ্রদান | এসপি ডিএসবি / অফিসার ইন চার্জ (OC) | আবেদনকারীকে মিছিল, সভা, সমাবেশ, মাইক ব্যবহার ইত্যাদির অনুমতির জন্য পুলিশ সুপার (এসপি) বরাবর আবেদন করতে হয়। পুলিশ সুপার তদন্ত করার জন্যঅফিসার ইনচার্জের (ওসি)নির্দেশ দেন। ওসি তদন্ত করে এসপি’র নিকট প্রেরণ করেন। প্রাপ্ত তদন্ত প্রতিবেদন এবং অন্যান্য রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ বিষয়াদি বিবেচনা করে অনুমতি প্রদান করা হয় অথবা অনুমতি প্রদান সম্ভব নয় মর্মে জানিয়ে দেন। | ৪-৭দিন | বিনামূল্যে | ১। সিআরপিসি/ ১৮৯৮- ১২৭,১২৮.১২৯ধারা। <br> ২।পুলিশআইনের/১৮৬১ - ৩০, ৩১,৩২ ধারা। | ডিআইজি |
| ০৫ | থানা | ইভ টিজিং, মোবাইল ফোনে উত্যক্তকরণ, বা হুমকি প্রদান সংক্রান্ত অভিযোগ গ্রহণ | অফিসার ইন চার্জ(OC) | ইভ টিজিং, মোবাইল ফোনে উত্যক্তকরণ, বা হুমকি প্রদান ইত্যাদি ঘটনার প্রেক্ষিতে অফিসার ইন চার্জবরাবর বিস্তারিত বর্ণনা দিয়ে আবেদনকরতে হয়। ডিউটি অফিসার আবদনের প্রেক্ষিতে সাধারণ ডায়েরি করেন এবং ওসি’র নিকট বিষয়টি উত্থাপন করেন। ওসি তাৎক্ষণিক ঘটনাস্থলে যাওয়ার জন্য | ১ ঘণ্টা থেকে ২/৩ দিন | বিনামূল্যে | ১।সিআরপিসি - ১৮৯৮/১০৭ ধারা <br> ২।দন্ড বিধি -১৮৬০/৫০৬, ৩৮৭, ৩৮৬, ৩৮৫ ধারা <br> ৩।পিআরবি-১৯৪৩/৩৭৭ | সার্কেল এএসপি |

| নাগরিক সেবার তথ্য সারণি | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | সেবা প্রদানকারীঅফিসেরনাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্তকর্মকর্তা/ কর্মচারী | সেবাপ্রদানেরপদ্ধতি (সংক্ষেপে) | সেবাপ্রাপ্তিরপ্রয়োজনীয়সময় | প্রয়োজনীয় ফি/ট্যাক্স / আনুষঙ্গিকখরচ | সংশ্লিষ্টআই-কানুন / বিধি- বিধান/নীতিমালা | নির্দিষ্টসেবাপেতে ব্যর্থহলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
| | | | | অফিসারকে নির্দেশ দেন। মোবাইল ফোনে উত্যক্ত করার বিষয়টি উদ্ঘাটনের জন্য প্রয়োজনে টেকনোলজি ব্যবহারসহ মোবাইল অপারেটরের সহায়তা গ্রহণ করা হয়। এভাবে অপরাধীদের আইনের আওতায় আনা হয়। | | | | |
| ০৬ | থানা, এসপি অফিস | মানি এসকর্ট, পণ্য এসকর্ট প্রভৃতি ক্ষেত্রে পুলিশ নিয়োগ সংক্রান্ত | এসপি ডিএসবি / অফিসারইনচার্জ(OC) | মানি এসকর্ট, পণ্য এসকর্ট প্রভৃতি ক্ষেত্রে পুলিশ নিয়োগের জন্যপুলিশ সুপারের নিকট আবেদন করতে হয়।পুলিশ সুপার আবেদনের বিষয়টি যাচাই-এর জন্য ওসি-কে নির্দেশ দেন। ওসি'র প্রতিবেদন/ সুপারিশের প্রেক্ষিতে এসপি এতদসংক্রান্ত অনুমতি প্রদান করে ফোর্স/পুলিশ নিয়োগ দেন অথবা আবেদন না মঞ্জুর করেন। | ২-৩ দিন | বিনামূল্যে | ১।পুলিশ আইন -১৮৬১/ ৩৫বিধি<br>১।পিআরবি -১৯৪৩/ ৩৭৭ | সার্কেল এ এস পি |
| ০৭ | -ঐ- | টেন্ডার ড্রপ, পরীক্ষানুষ্ঠান প্রভৃতি ক্ষেত্রে (অতিরিক্ত) পুলিশ নিয়োগ | এসপি ডিএসবি / অফিসার ইন চার্জ (OC) | টেন্ডার ড্রপ , পরীক্ষানুষ্ঠান প্রভৃতি ক্ষেত্রে (অতিরিক্ত) পুলিশ নিয়ো গের লক্ষ্যে পুলিশ সুপারের নিকট আবেদন কর তে হয়।পুলিশ সুপার অফিসার ইন চার্জের মাধ্যমে তথ্য সংগ্রহ করে অথবা যাচাই করে প্রয়োজনীয় পুলিশ ফোর্স নিয়োগের ব্যবস্থা গ্রহণ করেন। | ২-৩ দিন | বিনামূল্যে | ১।পুলিশ আইন -১৯৬১/ ৩৫ ধারা<br>২।পিআরবি-১৯৪৩/ ৩৭৭ বিধি | সার্কেল এএসপি /ডিআইজি |
| ০৮ | থানা | হারানো মোবাইল ফোন, কম্পিউটার, মটর সাইকেল প্রভৃতি উদ্ধার সংক্রান্ত | অফিসার ইন চার্জ(OC)/ ডিউটি অফিসার (DO) | মোবাইল ফোন, কম্পিউটার, মটর সাইকেল প্রভৃতি হারানো গেলে ওসি বরাবর লিখিত আবেদন করতে হয়। আবেদন প্রাপ্তির পর ডিউটি অফিসার জিডি হিসেবে এন্ট্রি দিয়ে আবেদনকারীকে জিডি নং দেন এবংআবেদনটি ওসির নিকট উপস্থাপন করেন। ওসি তাৎক্ষণিক কর্মকর্তা নিয়োগ | ১ দিন | বিনামূল্যে | পিআরবি-১৯৪৩/ ৩৭৭ বিধি | সার্কেল এ এস পি |

| নাগরিক সেবার তথ্য সারণি | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | সেবা প্রদানকারীঅফিসেরনাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্তকর্মকর্তা/ কর্মচারী | সেবাপ্রদানেরপদ্ধতি (সংক্ষেপে) | সেবাপ্রাপ্তিরপ্রয়োজনীয়সময় | প্রয়োজনীয় ফি/ট্যাক্স / আনুষঙ্গিকখরচ | সংশ্লিষ্টআই-কানুন / বিধি-বিধান/নীতিমালা | নির্দিষ্টসেবাপেতে ব্যর্থহলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
| | | | | করে তদন্ত/ মালামাল উদ্ধারের ব্যবস্থা করেন। মালামাল উদ্ধার হলে যথাযথ প্রক্রিয়ায় প্রকৃত প্রাপকের নিকট হস্তান্তর করা হয়। | | | | |